গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ১০ আগস্ট ২০১৫, ২৬ শ্রাবণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। হরতাল-অবরোধ না হলে আরও ভালো হতো ফল
: এইচএসসি ফল হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। ব্লগার ও শিশু হত্যা মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালে নেওয়ার নির্দেশ মন্ত্রিসভা কমিটির

৩। ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পেল ১৭ প্রতিষ্ঠান

৪। উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশ : পাসের হারে ছন্দপতন

৫। জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে চাই সাশ্রয়ী ব্যবহার ও সুশাসন
: মূল্য সমন্বয়ের ইঙ্গিত প্রতিমন্ত্রীর

৬। বেসরকারি উচ্চ শিক্ষায় ভ্যাট কেন বেআইনি নয় : হাইকোর্ট

৭। উন্নতি না হলে রাষ্ট্রায়ত্ত ব্যাংকে পর্যবেক্ষক নিয়োগ দেওয়া হবে : বাংলাদেশ ব্যাংক গভর্নর

৮। অবৈধ পারাপার রোধে ‘এন্ট্রি ভিসা’র প্রস্তাব দেওয়া হয়েছে
: নয়াদিল্লি থেকে ফিরে বিজিবি প্রধান

৯। এককেন্দ্রিক নিয়ন্ত্রণে অকার্যকর সংসদীয় কমিটি : টিআইবি

১০। ধর্মীয় অনুভূতিতে আঘাত না দিয়ে ব্লগ লিখুন : আইজিপি

১১। সুন্দরবনে ‘বন্দুকযুদ্ধে’ ৬ বাঘ শিকারি নিহত : ওসিসহ ৬ পুলিশ সদস্য আহত

চলমান পাতা/২

১। হরতাল-অবরোধ না হলে আরও ভালো হতো ফল : এইচএসসি ফল হস্তান্তর অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি-জামায়াত চক্র পরীক্ষার সময় আত্মঘাতী কর্মকাণ্ডে লিপ্ত না হলে চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল আরও ভালো হতো। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল ৯ আগস্ট রোববার গণভবনে প্রধানমন্ত্রীর হাতে ১০টি শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল হস্তান্তরকালে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৮)।

২। ব্লগার ও শিশু হত্যা মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালে নেওয়ার নির্দেশ মন্ত্রিসভা কমিটির

সম্প্রতি ব্লগার ও শিশু হত্যাকাণ্ডের মামলাগুলো দ্রুত বিচার ট্রাইব্যুনালে নেওয়ার নির্দেশ দিয়েছেন আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এছাড়া এসব হত্যাকাণ্ডের নেপথ্যে কোনো রাজনৈতিক ইন্ধন আছে কিনা তা খতিয়ে দেখতে আইনশৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি সিলেট, খুলনা ও বরগুনায় শিশু হত্যাকারীদের বিরুদ্ধে দ্রুত চার্জশিট দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া সন্ত্রাস ও জঙ্গিদের আয়ের উৎস সন্ধান, সীমান্তে মাদক ও মানব পাচার প্রতিরোধে জিরো টলারেন্স নামিয়ে আনার সিদ্ধান্ত নেওয়া হয়। গতকাল ৯ আগস্ট রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৯ম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), ইত্তেফাক (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.৩,ক.৮), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

৩। ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পেল ১৭ প্রতিষ্ঠান

শিল্প খাতে বিশেষ অবদানের জন্য ১৭টি প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাণ্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৩ প্রদান করেছে শিল্প মন্ত্রণালয়। নিজ নিজ শিল্পকারখানায় উৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎকর্ষ অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে দ্বিতীয়বারের মতো এ পুরস্কার দেওয়া হয়। গতকাল ৯ আগস্ট রোববার রাজধানীর পূর্বাণী হোটেলে নির্বাচিত প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে এ পুরস্কার তুলে দেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.৭), ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), সংবাদ (পৃ.১৪,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৫)।

৪। উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশ : পাসের হারে ছন্দপতন

দেশের দশটি শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছর অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি)ও সমমানের পরীক্ষার এ ফল গতকাল ৯ আগস্ট রোববার সারাদেশে একযোগে প্রকাশ করা হয়েছে। এবার ১০টি সাধারণ শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৬৯ দশমিক ৬০ শতাংশ। গতবারের চেয়ে এবার পাসের হার ৮ দশমিক ৭৩ শতাংশ কমেছে। পাসের হারে সবচেয়ে বেশি বিপর্যয় হয়েছে যশোর বোর্ডে ৪৬ দশমিক ৪৫ শতাংশ। তবে বোর্ড অনুযায়ী পাসের হার আটটি শিক্ষা বোর্ডে ৬৫.৮৪ শতাংশ, মাদ্রাসা বোর্ডে ৯০.১৯ শতাংশ ও কারিগরি বোর্ডে ৮৫.৫৮ শতাংশ। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে চাই সাশ্রয়ী ব্যবহার ও সুশাসন
: মূল্য সমন্বয়ের ইঙ্গিত প্রতিমন্ত্রীর

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, দেশের প্রাকৃতিক গ্যাসের বর্তমান মজুদ শেষ হয়ে যাবে বলে আতঙ্কিত হওয়ার কিছু নেই। মজুদ গ্যাসের পাশাপাশি গ্যাস আমদানি ও বিকল্প জ্বালানির যোগান এবং ব্যবহারে সমন্বিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তাই মজুদ প্রাকৃতিক গ্যাস আরো অনেক দিন চলবে। স্থল ও সমুদ্রভাগে গ্যাস অনুসন্ধান কার্যক্রম জোরদার করা হচ্ছে। পরিকল্পনাগুলো বাস্তবায়িত হলে দেশের জ্বালানি নিরাপত্তা ঝুঁকির মধ্যে পড়বে না। তিনি বলেন, বিদ্যুৎ খাতে অবকাঠামো নির্মাণের খরচ অনেক বেশি। এ খরচকে যুক্ত করেই ইউনিট মূল্য নির্ধারণ করা হয়। বিদ্যুৎ ও জ্বালানি খাতে উন্নয়নের জন্য আরো অনেক বিনিয়োগ প্রয়োজন। এ জন্য জ্বালানির মূল্য এবং বিদ্যুতের মূল্য সমন্বয় করা দরকার। সরকার এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে। গতকাল ৯ আগস্ট রোববার রাজধানীর পেট্রো সেন্টারে এক সেমিনারে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৬। বেসরকারি উচ্চ শিক্ষায় ভ্যাট কেন বেআইনি নয় : হাইকোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফি'র ওপর সাড়ে ৭ শতাংশ ভ্যাট আরোপের সিদ্ধান্ত কেন বেআইনি ও অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আগামী তিন সপ্তাহের মধ্যে অর্থ সচিব, শিক্ষা সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যানকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের শুনানি নিয়ে বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি জেএন দেবের ডিভিশন বেঞ্চ গতকাল ৯ আগস্ট রোববার এই আদেশ

দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৫), জনকণ্ঠ (পৃ.২,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬)।

৭। উন্নতি না হলে রাষ্ট্রায়ত্ত ব্যাংকে পর্যবেক্ষক নিয়োগ দেওয়া হবে : বাংলাদেশ ব্যাংক গভর্নর

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর আর্থিক অবস্থার উন্নতি না হলে বা হলমার্ক কেলেঙ্কারির মত ঘটনা ঘটলে পর্যবেক্ষক নিয়োগ দেওয়া হবে। এতে কেন্দ্রীয় ব্যাংক পিছ পা হবে না। গতকাল ৯ আগস্ট রোববার কেন্দ্রীয় ব্যাংকে সোনালী, অগ্রণী, জনতা ও রূপালী ব্যাংকের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকদের সঙ্গে এক সভায় গভর্নর এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.১)।

৮। অবৈধ পারাপার রোধে 'এন্ট্রি ভিসা'র প্রস্তাব দেওয়া হয়েছে
: নয়াদিল্লি থেকে ফিরে বিজিবি প্রধান

বাংলাদেশ থেকে ভারতে অবৈধ পারাপার রোধে স্বল্পমেয়াদি 'এন্ট্রি ভিসা' চালুর জন্য ভারতের সীমান্তরক্ষী বাহিনীকে (বিএসএফ) প্রস্তাব দিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ের সদ্য সমাপ্ত সম্মেলনে এ প্রস্তাব দেওয়া হয় বলে জানিয়েছেন বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ। গতকাল ৯ আগস্ট রোববার রাজধানীর পিলখানায় বিজিবির সদর দপ্তরে এ নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৯। এককেন্দ্রিক নিয়ন্ত্রণে অকার্যকর সংসদীয় কমিটি : টিআইবি

আইনগত, প্রাতিষ্ঠানিক ও রাজনৈতিক বিভিন্ন চ্যালেঞ্জের কারণে সংসদীয় কমিটির ওপর সার্বিকভাবে নেতিবাচক প্রভাব পড়ায় কমিটিগুলো কার্যকর হচ্ছে না বলে উল্লেখ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। প্রতিষ্ঠানটি মনে করে, সংসদীয় কমিটি গঠন ও কার্যক্রমে দলীয় প্রভাব রয়েছে। কমিটিতে সদস্যদের ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্টতাও বিদ্যমান। কমিটির সদস্য নির্বাচনের সময় বা পরবর্তী সময়ে ওই সব বিষয়ে যথাযথভাবে যাচাই করা হয় না। কমিটির সিদ্ধান্তের একটি বড় অংশ বাস্তবায়ন হয় না। গতকাল ৯ আগস্ট রোববার রাজধানীর ধানমন্ডির মাইডাস সেন্টারে 'সংসদীয় স্থায়ী কমিটির কার্যকারিতা : চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়' শীর্ষক এক গবেষণা প্রতিবেদনে এ বিষয়টি তুলে ধরে টিআইবি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৪), সমকাল (শেষ পৃ.,ক.২)।

১০। ধর্মীয় অনুভূতিতে আঘাত না দিয়ে ব্লগ লিখুন : আইজিপি

ধর্মীয় অনুভূতিতে আঘাত না দিয়ে ব্লগ লেখার জন্য ব্লগারদের আহ্বান জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক। গতকাল ৯ আগস্ট রোববার পুলিশ সদর দফতরে আয়োজিত এক ব্রিফিংয়ে তিনি এ আহ্বান জানান। তিনি ব্লগারদের উদ্দেশে আরো বলেন, ব্লগে লিখুন, মত প্রকাশ করুন, কোনো সমস্যা নেই। কিন্তু ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে এমন কিছু লিখবেন না। একই সঙ্গে যারা এধরনের হত্যাকাণ্ড ঘটাচ্ছে তাদের উদ্দেশে আইজিপি বলেন, আপনাদের বলছি, ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়া কোনো লেখা দেখলে আপনারা থানায় মামলা করুন। অভিযোগ প্রমাণ হলে গ্রেফতার করবে পুলিশ। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.৬), সমকাল (শেষ পৃ.,ক.৫), নিউ এজ (পৃ.১,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)।

১১। সুন্দরবনে 'বন্দুকযুদ্ধে' ৬ বাঘ শিকারি নিহত : ওসিসহ ৬ পুলিশ সদস্য আহত

সুন্দরবনের গহীন অঞ্চলে পুলিশের সঙ্গে 'বন্দুকযুদ্ধে' ৬ বাঘ শিকারি নিহত হয়েছে। এ সময় কয়রা থানার ওসিসহ ৬ পুলিশ সদস্য আহত হয়েছে। ঘটনাস্থল থেকে পুলিশ তিনটি বাঘের চামড়া, চারটি একনলা বন্দুক, একটি বিদেশি পিস্তল ও ৫০ রাউন্ড গুলি উদ্ধার করেছে। গতকাল ৯ আগস্ট রোববার বিকাল পৌনে ৪টার দিকে সুন্দরবনের মাদারবাড়িয়া খালের উত্তরপাশে এ বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, সংবাদ : বাস মালিক সমিতির সদস্য পদ পেতে চাঁদাবাজির কারণে বাস মালিকরা নতুন বাস-মিনিবাস সড়ক-মহাসড়কের চাহিদা অনুযায়ী নামাতে পারছেন না উল্লেখ করে এসব সমিতি মন্ত্রী, সাংসদসহ ক্ষমতাসীন দল ও অঙ্গসংগঠনগুলোর দ্বারা নিয়ন্ত্রিত হওয়ায় তাদের চাঁদাবাজি বন্ধ করতে সরকারের রাজনৈতিক সিদ্ধান্ত প্রয়োজন বলে মত প্রকাশ;

খ. ইত্তেফাক : কুড়িগ্রামের দুইটি উপজেলায় সরকারি খাদ্য গুদামে ধান-চাল ক্রয়ে অবৈধভাবে অর্থ আদায়ের অভিযোগ পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য নিশ্চিত করতে এ ধরনের অভিযোগ তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার দাবি;

গ. জনকণ্ঠ : অপুষ্টি দূরীকরণের নামে ক্ষতিকারক শিশুখাদ্য আমদানি রোধে সরকারি ও বেসরকারি সংস্থাগুলোকে দায়িত্বশীল ভূমিকা পালনের সুপারিশ;

ঘ. সমকাল : গ্রিসের কুস দ্বীপে তিন সপ্তাহ ধরে দুই শতাধিক অবৈধ বাংলাদেশি অভিবাসী আটকে পড়ে আছে

এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সময়ক্ষেপণ না করে সরকারকে কূটনৈতিক উদ্যোগের মাধ্যমে তাদের ফেরত আনার বন্দোবস্ত করার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব : সাশ্রয়ী ও নিরাপদ হওয়া সত্ত্বেও রেলপথ অবহেলা ও অব্যবস্থাপনার শিকার হওয়ায় ঘটছে একের পর এক দুর্ঘটনা উল্লেখ করে রেলের সেবার মান বৃদ্ধিসহ নিরাপদ ও নির্বিঘ্ন যাত্রা নিশ্চিত করার উদ্যোগ নেওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার : বিদেশি নাগরিকরা যেন অবৈধভাবে এদেশে বসবাস করতে না পারে সেজন্য তাদের ব্যাপারে তথ্যসমৃদ্ধ ডাটাবেজ তৈরি করে সব সময় তা আপডেট করে রাখার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজধানীর সরকারি কলেজে প্রয়োজনের অতিরিক্ত শিক্ষক নিয়োগ দেওয়ার পরিপ্রেক্ষিতে ঢাকার বাইরের কলেজে শিক্ষক সংকট প্রকট আকার ধারণ করায় শিক্ষা মন্ত্রণালয়কে অতিরিক্ত শিক্ষকদের ঢাকার বাইরে দ্রুত পোস্টিং দেওয়ার ব্যবস্থা গ্রহণের আহ্বান;

জ. ডেইলি সান : স্বাস্থ্যসেবা যথাযথ রাখতে গ্রামের হাসপাতালগুলোতে ডাক্তার ও অ্যানেসথেসিস্ট থাকার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউজ টুডে, জনকণ্ঠ : মুক্তমনার ব্লগার নিলয় হত্যার ঘটনার পরিপ্রেক্ষিতে বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল রাখার প্রয়োজনে আইনের শাসন সমুন্নত রাখার আহ্বান;

ঞ. নিউ নেশন : ডেঙ্গু জ্বর ছড়িয়ে পড়ার পূর্বেই এ ব্যাপারে জনসচেতনতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণসহ প্রয়োজনীয় মুহূর্তে সরকারি হাসপাতালে জরুরি স্বাস্থ্য সেবা দেওয়ার মত বিশেষ ব্যবস্থা মজুদ রাখার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে সাম্প্রদায়িকতা ও লুটপাটতন্ত্র গণতন্ত্রের জন্য অন্তরায় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'উন্নয়নের প্রতিবন্ধকতা বাল্যবিয়ে' শিরোনামের নিবন্ধে মোতাহার হোসেন বাল্যবিয়ের অভিশাপ থেকে সমাজ ও রাষ্ট্রকে নিষ্কৃতি পেতে হলে শিক্ষা খাতে বিনিয়োগ আরও বাড়ানো প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা